

স্মারক নং-বশেমুরকৃবি/প্রশা:/এন-০৯/২০২১(অংশ-১)/৩৮৯২

তারিখ: ১১/১০/২০২১


জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, করোনা পরিস্থিতি পর্যালোচনাপূর্বক বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের ১৩৪ ও ১৩৫তম সভার সুপারিশ এবং সিডিকেট এর ০২/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত ১০১তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের স্ব-শরীরে উপস্থিতি এবং হলসমূহ খোলার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে:

সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:-

- ১) শিক্ষার্থীদের স্ব-শরীরে শিক্ষা কার্যক্রম শুরুর আগ পর্যন্ত পূর্বের ধারাবাহিকতায় অনলাইন শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকিবে;
- ২) পোস্ট গ্র্যাজুয়েট প্রোগ্রামের সকল শিক্ষার্থী; আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের কৃষি, ফিশারিজ এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদের শুধুমাত্র ৪র্থ বর্ষ; এবং ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদের ৪র্থ ও ৫ম বর্ষের শিক্ষার্থীদের জন্য ১৫/১০/২০২১ তারিখ সকাল হইতে হলসমূহ খোলা এবং ১৮/১০/২০২১ তারিখ হইতে শিক্ষা কার্যক্রম শুরু করা হইবে।
- ৩) আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ১ম, ২য় ও ৩য় বর্ষের শিক্ষার্থীদের জন্য ০১/১১/২০২১ তারিখ সকাল হইতে হলসমূহ খোলা এবং ০৭/১১/২০২১ তারিখ হইতে শিক্ষা কার্যক্রম শুরু করা হইবে।
- ৪) অন্তত এক ডোজ টিকা নেওয়ার প্রমাণপত্র ও বিশ্ববিদ্যালয়ের বৈধ পরিচয়পত্র থাকা সাপেক্ষে শিক্ষার্থীদের হলে অবস্থানের সুযোগ প্রদান করা হইবে। হলে প্রবেশের সময় আইডি কার্ড ও টীকা কার্ড প্রদর্শন বাধ্যতামূলক। তবে যাহাদের আইডি কার্ড নেই তাহারা সংশ্লিষ্ট হল প্রভোস্টের নিকট হইতে তাৎক্ষণিকভাবে সাময়িক আইডি কার্ড গ্রহণ করিতে পারিবে; এবং
- ৫) সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে পালন করিতে হইবে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সর্বাঙ্গিক সহযোগীতা একান্তভাবে কাম্য।



(মো. সিরাজুল ইসলাম তালুকদার)


রেজিস্ট্রার

তারিখ: ১১/১০/২০২১

স্মারক নং-বশেমুরকৃবি/প্রশা:/এন-০৯/২০২১(অংশ-১)/৩৮৯২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১. ট্রেজারার, বশেমুরকৃবি।
২. সকল ডীন, বশেমুরকৃবি।
৩. সকল বিভাগীয় প্রধান, বশেমুরকৃবি।
৪. সকল পরিচালক ও গ্রন্থাগার প্রধান, বশেমুরকৃবি।
৫. পরিচালক, আন্তর্জাতিক বিষয়ক, বশেমুরকৃবি (বিদেশি ছাত্র-ছাত্রীদের অবহিতকরণের অনুরোধসহ)।
৬. প্রক্টর, বশেমুরকৃবি।
৭. সকল হল প্রভোস্ট, বশেমুরকৃবি (ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশ এবং অবস্থানের বিষয়ে সার্বিক প্রস্তুতি গ্রহণ, তদারকি ও স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৮. সকল শাখা/দপ্তর প্রধান, বশেমুরকৃবি।
৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরকৃবি (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, বশেমুরকৃবি।
১১. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরকৃবি।
১২. সহকারী রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরকৃবি।
১৩. অফিস নথি/মাস্টার নথি/সকল নোটিশ বোর্ড।



(মো. জাহাঙ্গীর আলম)

উপ-রেজিস্ট্রার